গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
**College Code : 1400, EIIN NO : 108155**

তারিখ: ০৩/১২/২০২৪

# মাস্টার্স শেষ পর্ব'২০২৩-এর ফরম পূরণের সময় বর্ধিতকরণ

মাস্টার্স শেষ পর্ব' ২০২৩ পরীক্ষার নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন, প্রাইভেট (নিয়মিত,অনিয়মিত, মানোন্নয়ন) পরীক্ষার্থীদের ফরম পূরণ ১০/১২/২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন হবে। ফরম পূরণের আবেদন ফরম ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (7 College.du.ac.bd) Form Fill-up ক্লিক করে শিক্ষার্থীর রেজিষ্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনানুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। ফরম পূরণের টাকা পরিশোধের জন্য https://bbggc.eshiksaems.com/- এ প্রবেশ করে আইডিঃ bbggcstudent, পাসওয়ার্ডঃ bbggcstudent দিয়ে লগইন করে Pay through Sonali Pay অপশনে গিয়ে নিম্নোক্ত ফি জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

| ক্রমিক নং | বিষয় | টাকা |
|---|---|---|
| ০১ | বাংলা | ৪,৩৩০/- |
| ০২ | ইংরেজি, দর্শন ও ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৪,২৩০/- |
| ০৩ | অর্থনীতি ও ইতিহাস | ৪,০৮০/- |
| ০৪ | রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম ও সমাজবিজ্ঞান | ৪,১৩০/- |
| ০৫ | পদার্থবিজ্ঞান | ৪,০০০/- |
| ০৬ | গণিত | ৪,২৫০/- |
| ০৭ | রসায়ন ও উদ্ভিদবিজ্ঞান | ৪,৭৫০/- |
| ০৮ | প্রাণিবিজ্ঞান | ৪,৫০০/- |
| ০৯ | মনোবিজ্ঞান | ৪,১০০/- |
| ১০ | ভূগোল ও পরিবেশ | ৪,২৫০/- |
| ১১ | গার্হস্থ্য অর্থনীতি | ৪,৫৫০/- |
| | মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য | |
| ০১ | ০১ বিষয় | ২,৫০৫/- |
| ০২ | ০২ বিষয় | ২,৯০৫/- |
| ০৩ | ০৩ বিষয় | ৩,৩০৫/- |
| ০৪ | ০৪ বিষয় | ৩,৭০৫/- |

*** মাঠকর্ম, থিসিস, টার্মপেপার এবং অ্যাসাইনমেন্ট যদি থাকে নির্ধারিত ফি স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।**

*** নন-কলেজিয়েট শিক্ষার্থীদের আলাদা রশিদের মাধ্যমে অতিরিক্ত ১৫০০/- স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।**

*** নির্ধারিত সময়: ১০/১২/২০২৪ তারিখের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের কোনো সুযোগ থাকবে না।**

০৪.১২.২০২৪

প্রফেসর তামান্না বেগম
আইডি-২৫৬৩
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা

চলমান পাতা-০২

০৬/১২/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
**College Code : 1400, EIIN NO : 108155**



১। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলিঃ

(ক) নিয়মিত

২০২২-২০২৩ শিক্ষাবর্ষের মাস্টার্স ফাইনাল এ ঢাকা বিশ্ববিদ্যালয়ে (অধিভুক্ত সরকারি সাত কলেজে) নিবন্ধিত নিয়মিত শিক্ষার্থীরা উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। শিক্ষার্থীদের ক্লাসে কমপক্ষে ৭৫% উপস্থিতি থাকতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাশে উপস্থিতি ৬০%-৭৪% এর মধ্যে আছে সে সকল শিক্ষার্থীকে "নন-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং "নন-কলেজিয়েট" ফিস প্রদান করতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতি ৬০% এর কম আছে সেই সকল শিক্ষার্থীকে "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে। "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

(খ) অনিয়মিত

২০২১-২০২২ শিক্ষাবর্ষের মাস্টার্স ফাইনাল এ ঢাকা বিশ্ববিদ্যালয়ে (অধিভুক্ত সরকারি সাত কলেজে) নিবন্ধিত শিক্ষার্থী যারা ২০২২ সনের মাস্টার্স ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য **(Failed)** হয়েছে তারা উক্ত পরীক্ষায় অনিয়মিত হিসাবে অংশগ্রহণ করতে পারবে এক্ষেত্রে সকল পত্রে অংশগ্রহণ বাধ্যতামূলক।

(গ) ফলোন্নয়ন

২০২১-২০২২ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০২২ সনের মাস্টার্স ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ **(Passed)** হয়েছে তারা সংশ্লিষ্ট অনুষদের নিয়ম অনুযায়ী ফলোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

- ✓ কলা অনুষদের ক্ষেত্রে (D থেকে B-) গ্রেড পর্যন্ত ফলোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ সামাজিক বিজ্ঞান অনুষদের ক্ষেত্রে (D থেকে C+) গ্রেড পর্যন্ত ফলোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ বিজ্ঞান অনুষদের ক্ষেত্রে (D থেকে C+) গ্রেড পর্যন্ত ফলোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ ব্যবসায় শিক্ষা অনুষদের ক্ষেত্রে (D থেকে A-) গ্রেড পর্যন্ত ফলোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

একজন শিক্ষার্থী তার তত্ত্বীয় কোর্সের মোট ক্রেডিটের ২৫% ক্রেডিট ফলোন্নয়ন হিসাবে অংশগ্রহণ করতে পারবে।

*** যাদের ২০২২ সনের মাস্টার্স ফাইনাল পরীক্ষার ফলাফল অসম্পূর্ণ **(Incomplete)** রয়েছে তারা শুধুমাত্র তাদের "F" গ্রেড প্রাপ্ত অথবা অনুপস্থিত কোর্সে/কোর্সসমূহে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

*** ব্যবহারিক/ ইনকোর্স/ মৌখিক/ মাঠকর্ম/ টিউটোরিয়াল/ অ্যাসাইন্টমেন্ট পরীক্ষায় "F" গ্রেড ব্যাতিত ফলোন্নয়নের কোন সুযোগ নাই।

২। ইনকোর্স ও টার্ম পেপার পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলিঃ

ক) পরীক্ষার্থীদের ক্ষেত্রে কলেজের সংশ্লিষ্ট বিভাগ ইন-কোর্স/টার্ম পেপার পরীক্ষার প্রাপ্ত নম্বর রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে এন্ট্রি দিয়ে ভেরিফাই করতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক ভেরিফাই করার শেষ তারিখের পর অনলাইন থেকে ইনকোর্স নম্বরের তালিকা ডাউনলোড করে বিভাগীয় প্রধান এবং কলেজ অধ্যক্ষ মহোদয়ের স্বাক্ষরের পর এক কপি উপ-পরীক্ষা নিয়ন্ত্রক ও দুই কপি পরীক্ষা কমিটির নিকট প্রেরণ করতে হবে।

খ) ইনকোর্স ও টার্মপেপার পরীক্ষার মুল নম্বর পত্রের (ম্যানুয়াল কপি) ফটোকপি কলেজ সংরক্ষণ করবে এবং মুল কপি (ম্যানুয়েল কপি) ফরম পুরণের বিবরণী ও ফি জমাদানের সাথে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে ।

৩। অনলাইনে আবেদন ফরম পুরণ (শিক্ষার্থীদের জন্য)ঃ

ক) আবেদনকারীকে ওয়েবসাইটে (http://du7c.com/) লিংক এ গিয়ে অনার্স এর রেজিস্ট্রেশন নম্বর (মাস্টার্স ২০২৩ এর রেজিস্ট্রেশন নম্বর হিসাবে প্রযোজ্য), বিষয় কোড (৪ সংখ্যার) ও মাস্টার্সের শিক্ষাবর্ষ দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম (এন্ট্রি ফরম) প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে।

খ) প্রিন্টকৃত ফরমে (এন্ট্রি ফরম) শিক্ষার্থী নিজে স্বাক্ষর করার পর কলেজ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষের স্বাক্ষর নিয়ে ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ০১/১২/২০২৪ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে আবেদনের মাধ্যমে জানাতে পারবে।

৪। পরীক্ষার্থীদের জন্য করণীয়ঃ

পরীক্ষার্থীরা অনলাইনে আবেদন ফরম পূরণ করে নির্ধারিত-ফি সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে সঠিক আছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। বিষয় কোড ভুল এন্ট্রির জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।

**ফরমের সাথে যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবেঃ**

০১. পরীক্ষার্থীদের মাস্টার্স শেষ বর্ষের ভর্তি রশিদের ফটো কপি।
০২. পরীক্ষায় অংশগ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে পূরণকৃত ফরম ফিলাপের ফরম।
০৩. টাকা পরিশোধের রশিদ।

বিঃদ্রঃ শিক্ষার্থীরা রশিদ এবং পরীক্ষার এন্ট্রি ফরম বিভাগে জমা না দিয়ে বাসায় নিয়ে গেলে তার পরীক্ষার ফরম পূরণ বাতিল বলে গণ্য হবে।
উল্লেখ্য যে, শিক্ষার্থীদের ফরম পূরণের তথ্য সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে ভেরিফাই করতে হবে।

০৪.১১.২০২৪
(প্রফেসর তামান্না বেগম)
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা

বিতরণঃ
০১. কলেজ নোটিশ বোর্ড
০২. বিভাগীয় প্রধান
০৩. সংরক্ষণ নথি।